

ক্যান্টনমেন্ট এল্লিকিউটিভ অফিসার এর কার্যালয়
জাহানাবাদ সেনানিবাস, খুলনা-৯২০৫।

১৭ শ্রাবণ

১৪২৭ বঙ্গাব্দ

পত্র নং- সিবিজা/বিজ্ঞপ্তি-০১/২০২০-২১/০৮

তারিখ :-----

-----।

০১ আগষ্ট

২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ক্যান্টনমেন্ট বোর্ড, জাহানাবাদ সেনানিবাস, খুলনা এর ০১/০৮/২০২১ খ্রিস্টাব্দ তারিখের সিবিজা/বিজ্ঞপ্তি-
০১/২০২০-২১/

০৭ নং স্মারকে উল্লিখিত দোকান/স্পেস ইজারা/বরাদ্দের পুনঃ বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ক্যান্টনমেন্ট বোর্ড, জাহানাবাদ সেনানিবাস, খুলনা এর ০১/০৮/২০২১ খ্রিস্টাব্দ তারিখের সিবিজা/বিজ্ঞপ্তি-০১/২০২০-২১/০৭ নং স্মারকে উল্লিখিত দোকান/স্পেস ইজারা/বরাদ্দের পুনঃ বিজ্ঞপ্তি আগামী ০২/০৮/২০২১ খ্রিস্টাব্দ তারিখে “দৈনিক দেশ সংযোগ” পত্রিকায় ভিতরের পাতায়, অনূর্ধ্ব ১০ ফন্ট সাইজে/স্বল্প পরিসরে এবং ঐ দিনের অন লাইনসহ সকল ভাসনে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। দরপত্র বিজ্ঞপ্তিটি প্রকাশ নিশ্চিত করে ২ (দুই) কপি সৌজন্য সংখ্যা জরুরীভিত্তিতে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যও অনুরোধ করা হলো। উল্লেখ্য, বিজ্ঞপ্তি প্রকাশের পর বিধি মোতাবেক যথারীতি বিল পরিশোধ করা হবে।

সংযুক্তিঃ বিজ্ঞপ্তি- ০১ (এক) পাতা।

(সিফাত মেহনাজ)

ক্যান্টনমেন্ট এল্লিকিউটিভ অফিসার

(উপসচিব)

জাহানাবাদ সেনানিবাস, খুলনা।

সম্পাদক

জাহান মঞ্জিল

৪০, সিমেন্ট্রি রোড (বেগী বাবু রোড)

ফুল মার্কেট, খুলনা।

ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার এর কার্যালয়
জাহানাবাদ সেনানিবাস, খুলনা-৯২০৫।

পত্র নং- সিবিজা/বিজ্ঞপ্তি-০১/২০২০-২১/০৭

১৭ শ্রাণ ১৪২৮ বঙ্গাব্দ
তারিখঃ-----।
০১ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ

দোকান/স্পেস ইজারা/বরাদ্দের পুনঃ বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাহানাবাদ ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত ক্যান্টনমেন্ট বোর্ড মার্কেটের নির্ধারিত স্থানে অনুমোদিত টিনশেড মার্কেটের কিছু দোকান এবং টয়লেট ব্লক (দরপত্রের সাথে সংযুক্ত নকশা মোতাবেক) নিম্নবর্ণিত শর্তে ইজারা প্রদান করা হচ্ছে। দরপত্র সমূহ অফিস চলাকালীন সময়ে জাহানাবাদ ক্যান্টনমেন্ট বোর্ড অফিস হতে ১০০০/- (এক হাজার) টাকা মূল্যের (অফেরতযোগ্য) নির্ধারিত সিডিউল ফরম/আবেদন ফরম সংগ্রহ করে তা যথাযথভাবে পূরণ করতঃ জামানত বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (তফসীলি ব্যাংকের যে কোন শাখা হতে “ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, জাহানাবাদ সেনানিবাস” এর অনুকূলে ক্রয়কৃত) সিডিউল ফরমের সাথে সংযুক্ত করে নির্ধারিত তারিখে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত অত্র দপ্তরের দরপত্র বাঞ্ছিত দরপত্র দাখিল করা যাবে এবং একই দিন বেলা ১২.৩০ ঘটিকায় (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে।

ক্রঃনং	যে তারিখ পর্যন্ত দরপত্র বিক্রয় করা হবে	দরপত্র দাখিলের তারিখ	ক্রঃনং	যে তারিখ পর্যন্ত দরপত্র বিক্রয় করা হবে	দরপত্র দাখিলের তারিখ	দোকান/স্পেস এর সরকারী মূল্য
০১	১১/০৮/২০২১	১২/০৮/২০২১	১১	২৭/১০/২০২১	২৮/১০/২০২১	প্রতি বর্গফুট ২৫০০/-
০২	১৭/০৮/২০২১	১৮/০৮/২০২১	১২	০৩/১১/২০২১	০৪/১১/২০২১	
০৩	২৫/০৮/২০২১	২৬/০৮/২০২১	১৩	১০/১১/২০২১	১১/১১/২০২১	
০৪	০১/০৯/২০২১	০২/০৯/২০২১	১৪	১৭/১১/২০২১	১৮/১১/২০২১	
০৫	০৮/০৯/২০২১	০৯/০৯/২০২১	১৫	২৪/১১/২০২১	২৫/১১/২০২১	
০৬	১৫/০৯/২০২১	১৬/০৯/২০২১	১৬	০১/১২/২০২১	০২/১২/২০২১	
০৭	২২/০৯/২০২১	২৩/০৯/২০২১	১৭	০৮/১২/২০২১	০৯/১২/২০২১	
০৮	২৯/০৯/২০২১	৩০/০৯/২০২১	১৮	১৪/১২/২০২১	১৫/১২/২০২১	
০৯	০৬/১০/২০২১	০৭/১০/২০২১	১৯	২২/১২/২০২১	২৩/১২/২০২১	
১০	১৩/১০/২০২১	১৪/১০/২০২১	২০	২৯/১২/২০২১	৩০/১২/২০২১	

শর্তাবলীঃ

- ১। কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা পরিবারের সদস্য একের অধিক দোকানের জন্য সিডিউল ফরম সংগ্রহ ও দাখিল করতে পারবেন।
- ২। আবেদন পত্রের সাথে ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ৩। যে নামে দরপত্র ক্রয় করা হবে সে নামেই দরপত্র দাখিল করতে হবে এবং দরপত্র খামের উপর দোকান নম্বর উল্লেখ করতে হবে।
- ৪। সর্বোচ্চ দর প্রদানকারীর দর/ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক গৃহীত দর ব্যতিত সকলের জামানত ফেরত প্রদান করা হবে।
- ৫। ইজারার মেয়াদ ০৫ (পাঁচ) বছর। নবায়ন ফি পরিশোধ সাপেক্ষে পুনঃ নবায়নযোগ্য।
- ৬। ইজারার তথ্য ও শর্তাবলী অফিস চলাকালীন সময়ে অত্র দপ্তরের প্রকৌশল শাখা হতে জানা যাবে।
- ৭। সর্বোচ্চ দর প্রদানকারী দোকান গ্রহণে অসম্মতি জ্ঞাপন করলে জামানত হিসাবে জমাকৃত অর্থ বাজেয়াপ্ত হবে।
- ৮। উদ্ধৃত দরের উপর সরকারী বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট প্রদেয় হবে যা আবেদনকারী চালানের মাধ্যমে ব্যাংকে জমা দিবে।
- ৯। ক্যান্টনমেন্ট বোর্ডের সর্বশেষ প্রণীত নীতিমালা অনুযায়ী দোকানগুলো/স্পেস বরাদ্দ/পরিচালিত হবে।
- ১০। প্রতি পর্বে কোন দোকানের প্রাপ্ত দর অনুমোদিত হলে পরবর্তী পর্বে তা বাদ যাবে।
- ১১। দরপত্র দাখিলের ধার্য তারিখে সরকারী ছুটি হলে পরবর্তী কার্যদিবস দরপত্র দাখিলের জন্য নির্ধারিত হবে।
- ১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।

ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
জাহানাবাদ সেনানিবাস, খুলনা।